0 1 MAR 1994

# আজকের কাগজ

তারিখ ... 0 1 MAR 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৮

৯৩

### ছাত্রদলের অভ্যন্তরিণ কোন্দল

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের আশঙ্কা

**রাজশাহী প্রতিনিধিঃ** দীর্ঘদিন যাবত রাঃবিঃতে সকল রাজনৈতিক কর্মকাণ্ড স্থগিত থাকা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস আবারও দ্রুত অশান্ত হয়ে উঠেছে। যে কোনো সময় ক্যাম্পাসে সংঘর্ষ ছড়িয়ে পড়তে পারে।

গতকাল দুপুর দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়-এর প্রথম বিজ্ঞান ভবনের পাশে দু'টি শক্তিশালী ককটেলের বিস্ফোরণ ঘটলে ক্যাম্পাসে অবস্থানরত হাজার হাজার ছাত্র-ছাত্রী প্রাণভয়ে দিকবেদিক ছোটাছুটি শুরু করে। তবে এই ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শীরা জানান, বিস্ফোরণের সময় প্রায় শ'খানেক পুলিশ ঘটনাস্থলের অল্প কিছুদূরে অবস্থান করলেও তারা ছিল নিষ্ক্রিয়। ঘটনার বেশ কিছু পরে পুলিশ রাকসু ভবন এবং শেরে বাংলা হলের চারদিকে অবস্থান নিলেও ঘটনার সঙ্গে জড়িত কাউকেই গ্রেফতার করেনি বলে পুলিশ সূত্রে জানা গেছে।

এদিকে ছাত্রমৈত্রী ছাত্রলীগ (বা-কা) ও ছাত্র ইউনিয়ন পৃথক পৃথক বিবৃতিতে গতকালকের ঘটনার জন্যে ছাত্রদলকে দায়ী করেছে।

বিবৃতিতে ছাত্র নেতারা অভিযোগ করেন যে, জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্যন্তরিণ কোন্দলের কারণে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস নতুন করে উত্তপ্ত হয়ে উঠছে। শিক্ষার স্বাভাবিক পরিবেশ মারাত্মকভাবে ব্যহত হচ্ছে এবং ছাত্রদলের অভ্যন্তরিণ দ্বন্দ্ব যে কোনো সময় সশস্ত্র সংঘাতে রূপ নিতে পারে।

৮